# WBCHSE PHILOSOPHY

## SAMPLE PAPER

**Model Question**
**Philosophy**

<u>বিভাগ - ক</u>

১। **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ** ১ x ১০ = ১০

(ক) পরিমাণ অনুসারে বচন ----- প্রকার

**উত্তরঃ** পরিমাণ অনুসারে বচন <u>দুই</u> প্রকার।

**অথবা,** বিশেষ নঞর্থক বচনের ----- পদ ব্যাপ্য।

**উত্তরঃ** বিশেষ নঞর্থক বচনের <u>বিধেয়</u> পদ ব্যাপ্য।

(খ) ----- পদ্ধতি মূলক প্রমাণের পদ্ধতি।

**উত্তরঃ** <u>আরোহ</u> মূলক পদ্ধতি প্রমাণের পদ্ধতি।

**অথবা,** শর্ত হল ----- এর অপরিহার্য অংশ।

**উত্তরঃ** শর্ত হল <u>কারণ</u> এর অপরিহার্য অংশ।

(গ) দুটি বচন গ্রাহক সম্বলিত বচনের সত্য সারণীর সংখ্যা ---

**উত্তরঃ** দুটি বচন গ্রাহক সম্বলিত বচনের সত্যসারণীর সংখ্যা <u>৪ টি</u>

(ঘ) অতিবর্তী বচন ---- হলে অনুবর্তী বচন সত্য হবে।

**উত্তরঃ** অতিবর্তী বচন <u>সত্য</u> হলে অনবর্তী বচন সত্য হবে।

**নিম্নোক্ত বাক্যগুলি সত্য অথবা মিথ্যা বল ঃ**

(ঙ) বিরুদ্ধ বিরোধিতার ক্ষেত্রে একই উদ্দেশ্য ও একই বিধেয় পদযুক্ত দুটি বচন একই সঙ্গে মিথ্যা হতে পারে না।

**উত্তরঃ** মিথ্যা।

**অথবা,** অধীন বিপরীত বিরোধিতার ক্ষেত্রে একটি বচন মিথ্যা হলে অপরটি সংশয়াত্মক হবে।

**উত্তরঃ** মিথ্যা।

(চ) আরোহ যুক্তির ক্ষেত্রে আশ্রয় বাক্যে থেকে সিদ্ধান্ত বেশি ব্যাপক হয়।

**উত্তরঃ** সত্য।

**সঠিক উত্তর বেছে নাও ঃ**

(ছ) বৈধ নিরপেক্ষ ন্যায় অনুমানে দুটি আশ্রয় বাক্য যদি নঞর্থক হয় তবে যে দোষের উদ্ভব হয় তা হল --

---- অবৈধ মধ্যে দোষ / নঞর্থক আশ্রয় বাক্য জনিত দোষ / অব্যাপ্য হেতু দোষ।

**উত্তরঃ** নঞর্থক আশ্রয় বাক্য জনিত দোষ।

**অথবা,** নিরপেক্ষ ন্যায়ের দ্বিতীয় সংস্থানে বৈধ মূর্তির সংখ্যা --- চার / পাঁচ / ছয়।

**উত্তরঃ** চার।

**হ্যাঁ অথবা না বল ঃ**

(জ) বৈধ নিরপেক্ষ ন্যায় অনুমানে একটি আশ্রয় বাক্য বিশেষ হলে সিদ্ধান্ত বিশেষ হবে।

১ x ১

**উত্তরঃ** হ্যাঁ।

**অথবা,** যদি বৃষ্টি হয় তবে মাটি ভিজবে এটি একটি প্রাকল্পিক বচন।

**উত্তরঃ** হ্যাঁ

**এককথায় উত্তর দাও ঃ** ১ x ২

(ঝ) আরোহ অনুমানের বস্তুগত ভিত্তি কী ?

**উত্তরঃ** প্রকৃতির একরূপতানীতি ও কর্যকারণনীতি।

(ঞ) P সত্য এবং Q মিথ্যা হলে $(P \supset Q)$ এর সত্যমূল কী হবে ?

**উত্তরঃ** $(P \supset Q)$ এর সত্যমূল মিথ্যা হবে।

## বিভাগ - খ

২। **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ** ২ x ১০ = ২০

(ক) যুক্তি বা অনুমান কাকে বলে ?

**উত্তরঃ** যুক্তি হল পরস্পর সম্পর্কিত দুই বা ততোধিক বাক্য বা বাক্যসমষ্টির, যার একটি বাক্যের সত্যতা অপর একটি বাক্য বা বাক্যসমষ্টি দ্বারা প্রমাণ করা হয় বা প্রমাণের চেষ্টা করা হয়।

**অথবা,** আরোহ যুক্তির দুটি বৈশিষ্ট্য লেখো।

**উত্তরঃ** ১। আরোহ অনুমানে সিদ্ধান্ত হিসেবে একটি সার্বিক সংশ্লেষক বচন প্রতিষ্ঠিত হয়।

২। 'আরোহ সংক্রান্ত লাফ' আরোহ অনুমানের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য।

(খ) প্রাকল্পিক নিরপেক্ষ ন্যায় এর নিয়ম লঙ্ঘন করে যে দোষগুলি হয় তা লেখো।

**উত্তরঃ** ১। অনুগ স্বীকার জনিত দোষ।

২। পূর্বগ অস্বীকার জনিত দোষ।

(গ) অন্বয়ী ব্যতিরেকী পদ্ধতির একটি প্রতীকী দৃষ্টান্ত দাও ।

**উত্তরঃ**

| সদর্থক | | নঞর্থক | |
|---|---|---|---|
| ABC | abc | EFG | efg |
| ADE | ade | FGH | fgh |
| AEF | aef | IJK | ijk |

∴ A হল a এর কার্য বা কারণ।

**অথবা,** যে অপনয় সূত্রটি মিলের ব্যাতিরেকী পদ্ধতির ভিত্তি সেটি উল্লেখ করো।

**উত্তরঃ** যে পূর্ববর্তী ঘটনাকে বাদ দিলে কার্যটিও বাদ পড়ে যায়। সেই পূর্ববর্তী ঘটনা ওই কার্যের কারণ বা কারণের অপরিহার্য অংশ হবে।

(ঘ) সাংকেতিক আকারে নীচের বাক্যটি লেখো ঃ

যদি বুদ্ধিমান হয় তবে পরিশ্রমী হবে।

**উত্তরঃ** $P \supset Q$

(ঙ) বস্তুগত বিবর্তনের একটি উদাহরণ দাও।

**উত্তরঃ** গ্রীষ্ম হয় আরামদায়ক

∴ শীত হয় কষ্টদায়ক।

(চ) সত্যসারণী গঠনের মাধ্যমে নিম্নলিখিত যুক্তিটির বৈধতা নির্ণয় করো ঃ

$(P \supset Q)$ / ~p/ ∴ ~q

**উত্তরঃ** $P \supset Q$

~ P

∴ ~q

| P | q | P⊃Q | ~p | ~q |
|---|---|---|---|---|
| T | T | T | F | F |
| T | F | F | F | T |
| F | T | (T) | (T) | (F) |
| F | F | T | T | T |

যুক্তিটি অবৈধ। কারণ সত্যসারণীর তৃতীয় সারিতে হেতুবাক্যদুটি সত্য হওয়া সত্ত্বেও সিদ্ধান্ত মিথ্যা।

অথবা, A ও B সত্য হয় X ও Y মিথ্যা হয় তাহলে (X.Y).(A.B) এই বচনটির সত্যমূল নির্ণয় করো।

উত্তরঃ A ও B সত্য হয় x ও y মিথ্যা হয় তাহলে

(x.y).(A.B)
or, (F.F).(T.T)
or, F. T
or, F

উক্ত বচনের সত্যমূল্য মিথ্যা।

(ছ) আবশ্যিক শর্ত ও পর্যাপ্ত শর্তের একটি উদাহরণ দাও।

উত্তরঃ আবশ্যিক শর্ত

'অক্সিজেন ছাড়া দহন ক্রিয়া অসম্ভব' -- এখানে 'অক্সিজেন' হল 'দহনক্রিয়ার' আবশ্যিক শর্ত।

পর্যাপ্ত শর্ত

'বৃষ্টি হলে মাটি ভেজে' -- এখানে 'বৃষ্টি হওয়া' ঘটনাটি 'মাটি ভেজা' ঘটনাটি পর্যাপ্ত শর্ত।

(জ) অবৈধ সামান্যীকরণ দোষ বলতে কী বোঝ ?

উত্তরঃ অবাধ পর্যবেক্ষণের ভিত্তিতে কেবলমাত্র কয়েকটি সদর্থক দৃষ্টান্ত পর্যবেক্ষণ করে, নঞর্থক দৃষ্টান্ত না দেখে যখন একটি সামান্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তখন অবৈধ সামান্যীকরণ দোষ দেখা দেবে।

(ঝ) আবর্তন করোঃ সব তিমি হয় স্তন্যপায়ী।

উত্তরঃ L.P.F. A : সকল তিমি হয় স্তন্যপায়ী (আবর্তনীয়)

∴ I : কোন কোন স্তন্যপায়ী প্রাণী হয় তিমি (আবর্তিত)

(ঞ) যুক্তির আকারটি বৈধ কিনা বল --

P অথবা Q
~P
∴Q.

উত্তরঃ

| P | q | P⊃Q | ~p | Q |
|---|---|---|---|---|
| T | T | T | F | T |
| T | F | T | F | F |
| F | T | T | T | T |
| F | F | F | T | F |

উক্ত যুক্তির আকারটিতে এমন কোন সরণী নেই, যেখানে আশ্রয়বাক্য সত্য অথচ সিদ্ধান্ত মিথ্যা। সুতরাং যুক্তিটি বৈধ।

## বিভাগ - গ

৩। **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ** ২ x ৬ = ১২

(ক) গুণ ও পরিমাণ হিসাবে নিরপেক্ষ বচনের শ্রেণিবিভাগ করো।
প্রতিটির দৃষ্টান্ত দাও। ৩ + ২

**উত্তরঃ**

যে বচনে উদ্দেশ্য ও বিধেয়ের সম্বন্ধ অন্য কোনো শর্তের উপর নির্ভর করে না তাকে নিরপেক্ষ বচন বলে। গুণ অনুযায়ী নিরপেক্ষ বচনকে দুভাগে ভাগ করা হয় --- সদর্থক ও নঞর্থক।

সদর্থক ঃ যে নিরপেক্ষ বচনে বিধেয়টি উদ্দেশ্য সম্পর্কে কিছু স্বীকার করে। তাকে সদর্থক বচন বলে।

যেমন ঃ সকল মানুষ মরণশীল হয়

নঞর্থক ঃ যে নিরপেক্ষ বচনে বিধেয়টি উদ্দেশ্য সম্পর্কে কিছু অস্বীকার করে, তাকে নঞর্থক বচন বলে।

যেমন ঃ কোন কোন মানুষ নয় ধনি।

নিরপেক্ষ বচনের পরিমাণ বলতে বোঝায় বচনে উল্লেখিত উদ্দেশ্যটিকে সমগ্র অর্থে নেওয়া হয়েছে না আংশিক অর্থে। পরিমাণ অনুযায়ী নিরপেক্ষ বচনকে দুইভাগে ভাগ করা হয় - সামান্য ও বিশেষ।

সামান্য - বচনে বিধেয়টি সমগ্র উদ্দেশ্য সম্পর্কে কিছু স্বীকার বা অস্বীকার করে। তাকে সামান্য বচন বলে।

যেমন ঃ কোন মানুষ নয় ত্রুটিমুক্ত।

বিশেষ - যে বচনে বিধেয়টি উদ্দেশ্যর কিছু অংশ সম্পর্কে কোনো কিছু স্বীকার বা অস্বীকার করে তাকে বিশেষ বচন বলে।

যেমন ঃ কোন কোন ফুল নয় সাদা।

**অথবা,** নিম্নলিখিত বাক্যগুলিকে তর্কবাক্যে রূপান্তরিত করে গুণ ও পরিমাণ দেখাও।

(i) দূষণ মাত্রই রোগসৃষ্টিকারী।

**উত্তরঃ** তর্কবিদ্যাসম্মত বচন ঃ

A - সকল দূষণ হয় রোগসৃষ্টিকারী।

গুণগত দিক থেকে বচনটি সদর্থক এবং পরিমানগত দিক থেকে বচনটি সার্বিক।

(ii) সব পরমাণুবাদী জড়বাদী নয়।

**উত্তরঃ** তর্কবিদ্যাসম্মত বচন ঃ

O - কোনো কোনো পরমাণুবাদী নয় জড়বাদী।

গুণগত দিক থেকে বচনটি নঞর্থক এবং পরিমানগত দিক থেকে বচনটি বিশেষ।

(iii) স্বার্থপর মানুষেরা কদাচিৎ সুখী হয়।

**উত্তরঃ** তর্কবিদ্যাসম্মত বচন ঃ

O - কোনো কোনো স্বার্থপর মানুষ নয় সুখী

গুণগত দিক থেকে বচনটি নঞর্থক এবং পরিমানগত দিক থেকে বচনটি বিশেষ।

(iv) সৎ লোক নেই।

**উত্তরঃ** তর্কবিদ্যাসম্মত বচন ঃ

E - কোন লোক নয় সৎ।

গুণগত দিক থেকে বচনটি নঞর্থক এবং পরিমানগত দিক থেকে বচনটি সার্বিক।

(v) বেশির ভাগ ছাত্রই বুদ্ধিমান।

**উত্তরঃ** তর্কবিদ্যাসম্মত বচন ঃ

I - কোন কোন ছাত্র হয় বুদ্ধিমান।

গুণগত দিক থেকে বচনটি সদর্থক এবং পরিমানগত দিক থেকে বচনটি বিশেষ।

(খ) সরল আবর্তন ও অসরল আবর্তন বলতে কী বোঝো, প্রতিটি আবর্তনের একটি করে দৃষ্টান্ত দাও। ৩ + ২

**উত্তরঃ** সরল আবর্তন - যে আবর্তনে আবর্তনীয় ও আবর্তিতের পরিমান অভিন্ন থাকে, তাকে বলে সরল আবর্তন।

যেমন - E বচনের আবর্তন।

E - কোন সৎ লোক নয় রাজনীতিবিদ (আবর্তনীয়)

∴ E - কোন রাজনীতিবিদ্ নয় সৎলোক (আবর্তিত)

অসরল আবর্তন ঃ যে আবর্তনে আবর্তনীয় ও আবর্তিতের পরিমান ভিন্ন থাকে। তাকে বলে অসরল আবর্তন। যেমন -

A - সকল তিমি হয় স্তন্যপায়ী প্রাণী (আবর্তনীয়)

∴ I - কোন কোন স্তন্যপায়ী প্রাণী হয় তিমি (আবর্তিত)

**অথবা,** 'O' বচনের আবর্তন সম্ভব নয় কেন ?

**উত্তরঃ** 'O' বচনের আবর্তন সম্ভব নয় কারন 'O' বচনের আবর্তন করতে গেলে চতুর্থ নিয়ম অর্থাৎ যে পদ হেতুবাক্যে ব্যাপ্য হয়নি, সেই পদ সিদ্ধান্তে ব্যাপ্য হবে না। যেমন -

O - কোন কোন মানুষ হয় সাধু (আবর্তনীয়)

∴ O - কোন কোন সাধু নয় মানুষ (আবর্তিত)

হেতুবাক্য 'O' বচনে উদ্দেশ্যপদ 'মানুষ' ব্যাপ্য হয়নি কিন্তু ঐ পদটি সিদ্ধান্ত 'O' বচনের বিধেয় স্থানে ব্যাপ্য হয়েছে। সিদ্ধান্তটি যদি 'E' বচন করা হয়। তাহলেও উক্ত দোষ দেখা দেবে। তাই 'O' বচনের আবর্তন সম্ভব নয়।